

ধান ক্ষেতের উপকারী পোকা বা বন্ধু পোকাদের চিনুন

ধান ক্ষেতে এমন বহু ধরনের উপকারী পোকা, মাকড়সা বাস করে যারা ধানের অনিষ্টকারী পোকা খেয়ে ধ্বংস করে- এদের আমরা "বন্ধু" পোকা বলি। কিন্তু আমরা অনেকেই এদের সঠিক ভাবে চিনি না এবং এ ব্যাপারে যথেষ্ট সচেতন নই। বিষাক্ত কীটনাশক অসময়ে ধানক্ষেতে ব্যবহারের ফলে প্রায়শ এ সমস্ত উপকারী পোকা ধ্বংস হয়ে যায়। আমাদের উচিত এই সমস্ত উপকারী বন্ধু পোকাদের ধানের মাঠে রক্ষা করা।

১. পরভোজী পোকা- লেডী বিটল

এরা ধানগাছের বাদামী গাছ ফড়িং ও সাদা পিঠ গাছ ফড়িং খায়।



২. পরভোজী পোকা- গ্রাউন্ড বিটল

এরা দেখতে লালচে তামাটে রঙের। এরা ধানের পাতায় পাতা মোড়ানো পোকাকার কীড়া, বাদামী গাছ ফড়িং এবং সাদা পিঠ গাছ ফড়িং খায়।



৩. পরভোজী পোকা- উরচুঙ্গা (ফ্রিকেট)

এই পোকাকার পেছনে ছুরির মত একটা অংশ আছে। এরা এক ধান থেকে আর এক ধান গাছে লাফিয়ে বেড়ায়। এরা মাজরা পোকা,পাতা মোড়ানো পোকা , লেদা পোকাকার ডিম ও বাচ্চা শিকার করে খায়।



৪. পরভোজী পোকা- ঘাস ফড়িং

বাড়ন্ত বয়সের ধানগাছে এদের অধিক সংখ্যায় দেখতে পাওয়া যায় এবং অনিষ্টকারী পোকাকার ডিম ও বাচ্চা ধরে খায়, এরা মাজরা পোকাকার ডিমের গাদা, গান্ধী পোকাকার ডিম ও বাচ্চা ধরে খায়।



৫. পরভোজী পোকা- ওয়াটার বাগ

এরা আকারে ছোট। পানির উপর এরা দ্রুত ঘুরে বেড়ায়। এরা গাছ ফড়িং-এর বাচ্চা ও ডিম খায়।



৬. পরভোজী পোকা- প্লাস্ট বাগ (মিরিড বাগ)

এরা পাতা ফড়িং ও গাছ ফড়িং-এর ডিম ও বাচ্চা খায়।



৭. পরভোজী পোকা- ড্যামশেল ক্লাই ও ড্রাগন ক্লাই
 এরা ভাল উড়তে পারে না। এরা পাতা মোড়ানো পোকার মথকে ধরে খায়। এরা পাতার
 নিচে উড়ে বেড়ায়।






৮. পরভোজী পোকা- বোলতা

এরা আকারে ছোট, এবং পাতা ফড়িং ও গাছ ফড়িং-এর ডিমের গাদা খায়।



৯. পরভোজী পোকা- নোকড়ে মাকড়সা

এরা দ্রুত চলাফেরা করে। ধান ক্ষেতে তাড়াতাড়ি জড়ো হওয়ার ফলে ধানক্ষেতের ক্ষতিকারক পোকামাকড়কে প্রথম থেকেই শিকার করে তাদের সংখ্যা কমিয়ে ফেলে। এরা ধানগাছের গোড়ায় বেশী থাকে।



১০. পরভোজী মাকড়সা- অর্ব স্পাইডার

এরা চাকার মত গোল করে জাল বোনে বলে এদের নাম অর্ব- স্পাইডার। বিভিন্ন ধরনের বড় আকারের পোকা, প্রজাপতি এদের জালে আটকা পড়ে তখন এই মাকড়সা ধরে খায়।



১১. পরভোজী মাকড়সা- লম্বামুখী মাকড়সা

এ প্রজাতির মাকড়সারা সকালবেলায় এরা জালের মধ্যে থাকে এবং দুপুরের দিকে এবং ধানের পাতায় পা ছড়িয়ে অবস্থান করে এবং অনিষ্টকারী পোকাকার বাচ্চা ধরে খায়।



১২. তথ্যের উৎস:

১৩. কন্টেন্ট তৈরি: ২৪/১০/২০১১

১৪. সর্বশেষ সংযোজন (তারিখ): July, 2014

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন- info@ekrishok.com